

## Hapu Gaan : Traditional Folk song of Midnapur (East and West) and allied districts of Southern West Bengal.

File No.- 28-6/ICH-Scheme/2015-16/110

Name : BHASKARBURATA PATI

Vill.- Saharda, P.O.-Dumdan, Dist.-Purba Medinipur-721152 (W.B.)

PAN Card No.-BNFPP7501L

AADHAR Card No.-228483984275

IDBI Bank Account No.-0761104000015321

### A) Brief introduction of the Project :

There are different types of folk art in Bengal. These are the actual mirror of cultural Bengal. A bengali person born and brought up under the guidance of these cultural environment. These enhances to grow and make much more cultural mind among the people.

Baul song, Leto song, Vatiyali song, Kirtan song, Bratachari dance, Hapu song, Song dance, Vaoaiya song, Kalikapatari dance, Karam dance, Ranapa Dance, Vanr yatra, Krishna yatra, Yugi yatra, Odiya yatra, Fakiri song, Raibense dance, Bharat gaan, Sasthi Mangal, Sitala Mangal, Manasa Mangal, Panchanan er Geet, Potchitra song etc are the mirror of Bengal cultural heritage. Among them 'Hapu Gaan' is one of them. This type of cultural example is now in the flow of ruin. After some days we can not see and listen the performers of Hapu gaan here in West Bengal. Most of the performers left their 'work' and take different jobs. As a result now a days we don't see to perform Hapu gaan in the running trains and in the village area.

Lower Gangetic Bengal is the garden of rich folk culture sinc time immemorial, Different kinds of folk culture like folk song, folk dance, folk tale etc have been emerged from East and West Midnapur, Birbhum, Hooghly, Howrah, Bankura, Purulia and Burdwan. But 'Hapu Gaan' is seen in East and West Midnapur, Birbhum and Hooghly districts only. This 'Hapu Gaan' is one of the treasures of Folk song has its origin back to the old times of Bengal.

So, I devote himself in the project "Hapu Gaan, Traditional Folk song of Midnapur (East and West) and allied districts of Southern West Bengal." As a result we can rescue this dying cultural substances. We can calculate about the life styles of those poor people who are adjuscent with 'Hapu Gaan'.

Thanks to Sangeet Natak Academy to give the chance to me as an ICH Scheme 2015-16 on brief project of Hapu Gaan.

### B. Objectives of the research, data creation or documentation of the project :

At persent, Hapu Gaan is in the grip of terrible crisis and in course of time. This traditional song will be abolished. It is deplorable to mention that very few people have come forward to carry on research works.

People belonging to poor tribes and communities once made them associated with this folk song (Hapu Gaan) by means of their livelihood.

With the following of five various folk materials of different districts have been got amalgamated with the mainstream of this folk song. The breath of traditional common place problems of society is till felt when 'Hapu Gaan' is sung. In Hapu gaan a lots of fun, laughter and satire are seen. On this traditional Song, the stream of this cultural heritage will soon be dried up if effective steps are not taken in due course and poor gypsier of financially poor tribes and communities feel strong reluctances to carry on this folk song.

Now, due to rapid progress and change in society performes of 'hapu Gaan' have changed their motives and kept themselves aloof from these rare songs. Most of them have engaged themselves to other jobs. So, 'Hapu Gaan' is now on the way of extinction and gradually receding from the

scenario of cultural heritage.

The principle objectives are as followings :

- i) Find out the root and source of the folk song.
- ii) Collection of intangible cultural events of interest and materials there of.
- iii) Marked the evolution from its originality, ethics and esthetics of the events.
- iv) Observation and careful documentation of the events.
- v) Colection of informations of the peoples socio economical background who are related with the cultural performances.
- vi) If possible, the rescue or preservation of the remains of dying culture.

### **C. Implementation of the project**

The project will cover field survey with direct participatory investigation method, photography and video recording. Analysis will be done with cultural and historical method.

To implement the project I meet with the following performers of Hapu Gaan. They are

- i) Khokon Sapuriya
- ii) Moyna Sapuriya
- iii) Padmakumari Sapuriya
- iv) Bangsi Sapuria
- v) Rabi Sapuriya
- vi) Munna Sapuriya
- viii) Khuku Sapuriya
- ix) Rambabu Sapuriya
- x) Sankari Sapuriya
- xi) Sanjoy Sapuriya
- xii) Kalyani Sapuriya
- xiii) Debdut Sapuriya
- xiv) Puja Sapuriya
- xv) Mukti Sapuriya
- xvi) Kunu Sapuriya
- xvii) Shiba Sapuriya
- xviii) Deba Sapuriya
- xix) Dipa Sapuriya
- xx) Rakhi Sapuriya
- xxi) Sattyarani Bajikar
- xxii) Gitarani Bajikar
- xxiii) Kalpana Bajikar
- xxiv) Pratima Bajikar
- xxv) Sandhyarani Bajikar etc.

To implement the project I meet with following personalities who have the special attention on cultural performances. They are-

- i) Khitish Santra, Bhagabanpur
- ii) Dr. Badal Saha, Birbhum
- iii) Dr. Shyamal Bera, Howrah
- iv) Dr. Kishor Das, Seuri, Birbhum
- v) Kunal Biswas, Kolkata
- vi) Sk. Abu Taher, Nandigram etc.

To implement the project I use the following books, paper cuttings, magazines, research papers etc.



scenario of cultural heritage.

The principle objectives are as followings :

- i) Find out the root and source of the folk song.
- ii) Collection of intangible cultural events of interest and materials there of.
- iii) Marked the evolution from its originality, ethics and esthetics of the events.
- iv) Observation and careful documentation of the events.
- v) Colection of informations of the peoples socio economical background who are related with the cultural performances.
- vi) If possible, the rescue or preservation of the remains of dying culture.

### **C. Implementation of the project**

The project will cover field survey with direct participatory investigation method, photography and video recording. Analysis will be done with cultural and historical method.

To implement the project I meet with the following performers of Hapu Gaan. They are

- i) Khokon Sapuriya
- ii) Moyna Sapuriya
- iii) Padmakumari Sapuriya
- iv) Bangsi Sapuria
- v) Rabi Sapuriya
- vi) Munna Sapuriya
- viii) Khuku Sapuriya
- ix) Rambabu Sapuriya
- x) Sankari Sapuriya
- xi) Sanjoy Sapuriya
- xii) Kalyani Sapuriya
- xiii) Debdut Sapuriya
- xiv) Puja Sapuriya
- xv) Mukti Sapuriya
- xvi) Kunu Sapuriya
- xvii) Shiba Sapuriya
- xviii) Deba Sapuriya
- xix) Dipa Sapuriya
- xx) Rakhi Sapuriya
- xxi) Sattyarani Bajikar
- xxii) Gitarani Bajikar
- xxiii) Kalpana Bajikar
- xxiv) Pratima Bajikar
- xxv) Sandhyarani Bajikar etc.

To implement the project I meet with following personalities who have the special attention on cultural performances. They are-

- i) Khitish Santra, Bhagabanpur
- ii) Dr. Badal Saha, Birbhum
- iii) Dr. Shyamal Bera, Howrah
- iv) Dr. Kishor Das, Seuri, Birbhum
- v) Kunal Biswas, Kolkata
- vi) Sk. Abu Taher, Nandigram etc.

To implement the project I use the following books, paper cuttings, magazines, research papers etc.

- i) Medinipur Hapu Gaan- Bhaskarbrata Pati, Upattyaka
- ii) Banglar Hapu Gaan- Samir Kumar Adhikary
- iii) Lokosahittye Habugaan-Dr. Badal Saha, Rarhakatha.
- iv) Banglar Lokosahittya-Dr. Wakil Ahamed, Dhaka, Bangladesh
- v) Medinipur : Itihas O Sanskritir Bibartan (Tritiya Khanda), Pranab Roy and Binod Sankar Das, Sahityalok.
- vi) Ganashakti (04.02.2006)- Hapugaaner Katha O Gaiyera, Bhaskarbrata Pati.
- vii) Srijan (Sarodiya, 2015)- Hariye Jaao Hapu Gaan, Bhaskarbrata Pati.
- viii) Sahittya Sammeloni (Sarat, 1423), Luptapray Hapugaan O tar chara, Bhaskarbrata Pati.
- ix) Prãtipakhya (Feb-2002) Hapur Chara, Dr. Shyamal Bera.
- x) Sabder Michil (Sarod-1406), Loko Sangeet, Hapu, Khitish Santra.
- xi) Banglar Janajati-Dr. Prdyot Ghosh.
- xii) Bangiya Sabdakosh- Haricharan Bandyopadhyay, Sahittya Academy.
- xiii) Chalanitika-Edited by Rajsekhar Basu.

#### **D. Time from of the project :**

The most of the performers of Hapu gaan are the gypsy type. They don't stay in a particular place for a long time. They goes every where from Southern Bengal to Northern Bengal for begging. So, it is tough to meet them and to collect their songs in a particular place. According to me to fulfill the whole project it is needed at least 18 months from today. But I do try my best that I can finish my total project as quickly as possible.

#### **E. Specific areas of the respective state in which the art form(s) is practiced Geographical typographical and other related aspects that the project may cover-**

To collect the information of the project I shall go to arrange field study in the following districts of West Bengal.

The project area is consisting of East and West Midnapur and also rural districts of Southern West Bengal viz. Birbhum, Burdwan, Bankura, Hooghly, Purulia and Howrah. Here most of the people depends on cultivation.

**East Midnapur :** Panskura, Nandigram, Haur, Sadhuapota,

**West Midnapur :** Balichak, Debra, Kharagpur, Garhbeta, Jakpur, Midnapur station, Shyamchak, Radhamohanpur

**Hooghly :** Tarkeswar, Bandel.

**Birbhum :** Sitalgram, Belia, Batikar, Kotolghosha, Kalikapur, Gopagram, Bongra, Poradanga, Moredighi, Danrka, Bhubandanga, Bharatpur

**Howrah :** Howrah Station, Bagnan.

**Burdwan :** Asansole, Burdwan, Durgapur.

**Bankura :** Bishnupur, Bankura

**Purulia :** Adra, Purulia

#### **F. Photos -**

The pictures which are related with this project are given with this report.

#### **G. Conclusion of the project as you have envisioned-**

When I shall finish the project it will be great work in cultural aspect. Because now a days Hapu Gaan is a dying theme. The people who are related with this also in critical situation. So, after finishing the project we can give the respect to those unknown performers of West Bengal.





**Hapu Gaan :**  
**Traditional Folk song**  
**of**  
**Midnapur**  
**(East & West)**  
**and allied districts of**  
**Southern West Bengal.**

*Pictures of the performers*  
*(Hapu Gaan)*





## Scheme for "Safeguarding the Intangible Cultural Heritage and Diverse Cultural Traditions of India"

### Form for National Inventory Register of Intangible Cultural Heritage of India

#### Hapu Gaan : Traditional Folk song of Midnapur (East and West) and allied districts of Southern West Bengal.

File No.- 28-6/ICH-Scheme/2015-16/110

Name : BHASKARBRATA PATI

Vill.- Saharda, P.O.-Dumdan, Dist.-Purba Medinipur-721152 (W.B.)

Phone : 9474622805 # E-mail : bratapati@gmail.com

PAN Card No.-BNFPP7501L

AADHAR Card No.-228483984275

IDBI Bank Account No.-0761104000015321

- A** West Bengal  
**B** Hapu Gaan : Traditional Folk Song of Midnapur (East and West) and allied districts of Southern West Bengal.  
**B.1** English & Bengali  
**C.** Sabar Groups, Schedule Caste (SC)  
**D.** East & West Medinipur (Southern West Bengal), Hooghly & Birbhum  
**E.** i. Yes  
ii. No  
iii. No  
iv. No  
v. No  
vi. Others - All the performers are beggars. They go everywhere for begging and then they sing the hapu gaan.

**F.** There are different types of folk art in Bengal. These are the actual mirror of cultural Bengal. A bengali person born and brought up under the guidance of these cultural environment. These enhances to grow and make much more cultural mind among the people.

Baul song, Leto song, Vatiyali song, Kirtan song, Bratachari dance, Hapu song, Song dance, Vaoaiya song, Kalikapatari dance, Karam dance, Ranapa Dance, Vanr yatra, Krishna yatra, Yugi yatra, Odiya yatra, Fakiri song, Raibense dance, Bharat gaan, Sasthi Mangal, Sitala Mangal, Manasa Mangal, Panchanan er Geet, Potchitra song etc are the mirror of Bengal cultural heritage. Among them 'Hapu Gaan' is one of them. This type of cultural example is now in the flow of ruin. After some days we can not see and listen the performers of Hapu gaan here in West Bengal. Most of the performers left their 'work' and take different jobs. As a result now a days we don't see to perform Hapu gaan in the running trains and in the village area.

Lower Gangetic Bengal is the garden of rich folk culture since time immemorial, Different kinds of folk culture like folk song, folk dance, folk tale etc have been emerged from East and West Midnapur, Birbhum, Hooghly, Howrah, Bankura, Purulia and Burdwan. But 'Hapu Gaan' is seen in East and West Midnapur, Birbhum and Hooghly districts only. This 'Hapu Gaan' is one of the treasures of Folk song has its origin back to the old times of Bengal.

So, I devote myself in the project "Hapu Gaan, Traditional Folk song of Midnapur (East and West) and allied districts of Southern West Bengal." As a result we can rescue this dying cultural substances. We can calculate about the life styles of those poor people who are adjacent with 'Hapu Gaan'.



At present, Hapu Gaan is in the grip of terrible crisis and in course of time. This traditional song will be abolished. It is deplorable to mention that very few people have come forward to carry on research works.

People belonging to poor tribes and communities once made them associated with this folk song (Hapu Gaan) by means of their livelihood.

With the following of five various folk materials of different districts have been got amalgamated with the mainstream of this folk song. The breath of traditional common place problems of society is till felt when 'Hapu Gaan' is sung. In Hapu gaan a lots of fun, laughter and satire are seen.

On this traditional Song, the stream of this cultural heritage will soon be dried up if effective steps are not taken in due course and poor gypsies of financially poor tribes and communities feel strong reluctances to carry on this folk song.

Now, due to rapid progress and change in society performers of 'hapu Gaan' have changed their motives and kept themselves aloof from these rare songs. Most of them have engaged themselves to other jobs. So, 'Hapu Gaan' is now on the way of extinction and gradually receding from the scenario of cultural heritage.

**G.** Some poor gypsies are the bearers and practitioners of the element / cultural tradition. They use this Hapu gaan for begging i.e. for earning money.

**H.** The Hapu gaan is fully vocabulary. Only few people sing the song verbally. No any written evidence there. The knowledge and skills transmitted from one to another automatically.

**I.** It is fully the cultural evidence of poor illiterate people. They have no any educational background. So, in Hapu gaan we find very low cost educational value.

**J.** We can help the persons who are related with Hapu gaan by giving the chance of free education, Identity card, Land and other government facilities for their human development.

**K.** The most of the performers of Hapu gaan are the gypsy type. They don't stay in a particular place for a long time. They goes every where from Southern Bengal to Northern Bengal for begging. So, it is tough to meet them and to collect their songs in a particular place.

According to me to fulfill the whole project it is needed at least 18 months from today. But I do try my best that I can finish my total project as quickly as possible.

- L.**
- i. Yes
  - ii. Yes
  - iii. Yes
  - iv. Yes
  - v. Yes

**b.** The following measures are to be taken....

- i. Giving proper Identity card
- ii. Giving Land (Patta) for living particular place.
- iii. Giving facilities of education.
- iv. Giving the chance of job everyday.
- v. Giving government funding for them. etc.

**M.** Most of them are drug addicted. Various types of mal practices are taken by them. So they forget their cultural elements easily by the aid of wine, gutkha, dendrite, ciggarate, ganza, heroine etc.

**N.** Safeguarding measures proposed ....

- i) Find out the root and source of the folk song.
- ii) Collection of intangible cultural events of interest and materials there of.
- iii) Marked the evolution from its originality, ethics and esthetics of the events.
- iv) Observation and careful documentation of the events.
- v) Collection of informations of the peoples socio economical background who are related with the cultural performances.

**O.** vi) If possible, the rescue or preservation of the remains of dying culture. They are all gypsies public. They have the practice of begging in running train, rail station, bus stop, remote village etc.

**P.** They have no any contact information because they don't live in particular place for long time. No any associations, organisations, clubs, guilds, steering committees etc. are not related with them.

**Q.** There are two books published on 'Hapu Gaan'. One book is written by me. But several columns were also published in several magazines and news papers only.

**R.** Principal published references or documentation available on the element / cultural tradition...

- i) Medinipur Hapu Gaan- Bhaskarbrata Pati, Upattayaka
- ii) Banglar Hapu Gaan- Samir Kumar Adhikary
- iii) Lokosahittye Habugaan-Dr. Badal Saha, Rarhakatha.
- iv) Banglar Lokosahittya-Dr. Wakil Ahamed, Dhaka, Bangladesh
- v) Medinipur : Itihas O Sanskritir Bibartan (Tritiya Khanda), Pranab Roy and Binod Sankar Das, Sahittyalok.
- vi) Ganashakti (04.02.2006)- Hapugaaner Katha O Gaiyera, Bhaskarbrata Pati.
- vii) Srijan (Sarodiya, 2015)- Hariye Jaoa Hapu Gaan, Bhaskarbrata Pati.
- viii) Sahittya Sammeloni (Sarat, 1423), Luptapray Hapugaan O tar chara, Bhaskarbrata Pati.
- ix) Pratipakhya (Feb-2002) Hapur Chara, Dr. Shyamal Bera.
- x) Sabder Michil (Sarod-1406), Loko Sangeet, Hapu, Khitish Santra.
- xi) Banglar Janajati-Dr. Prdyot Ghosh.
- xii) Bangiya Sabdakosh- Haricharan Bandyopadhyay, Sahittya Academy.
- xiii) Chalantika-Edited by Rajsekhar Basu.

Signature ..... *Bhaskarbrata Pati* .....

Name & Designation **BHASKARBRATA PATI**

**ADDRESS :**

Vill.- Saharda, P.O.-Dumdan, Dist.-Purba Medinipur-721152 (W.B.)  
Phone : 9474622805 # E-mail : bratapati@gmail.com

**PAN Card No.-BNFPP7501L**  
**AADHAR Card No.-228483984275**  
**IDBI Bank Account No.-0761104000015321**

**File No.- 28-6/ICH-Scheme/2015-16/110**



# ঐতিহ্যবাহী হাপুগান ও তার বর্তমান অবস্থান

(1)

ভাস্করব্রত পতি

পশ্চিম মেদিনীপুর জেলার বালিচক স্টেশন এবং পূর্ব মেদিনীপুরের হাউর রেলস্টেশন সংলগ্ন এলাকা সম্পর্কে বিবরণ দেওয়া হয়েছে। এর পাশাপাশি লোক সংস্কৃতিতে হাপু শিল্পীদের অবস্থান বৈশিষ্ট্য ও জীবিকা এবং অর্থনৈতিক সমস্যা ও সমাধান সম্পর্কে আলোচনা করা হয়েছে। ট্রেনে যাতায়াতের সূত্রে এদের সঙ্গে পরিচিতি ঘটে। এদের খেলা দেখানোর অদ্ভুত রীতি আমাদের মুগ্ধ করেছিল। তখন থেকেই ঠিক করেছিলাম এঁদের নিয়ে ক্ষেত্রসমীক্ষা ক'রবো।

## 'হাপু' -র উৎস

বীরভূম জেলায় মনসা গানের আসরে, চৈত্র সংক্রান্তিতে, শিবের গাজন, ধর্মরাজ পূজায় হাপুগান গাওয়া হয়। এখানে মূল বাদ্যযন্ত্র য়দঙ্গ, খোল, নুপুর, খঞ্জনি ইত্যাদি। অনেকে হাতে তালি দিয়েও হাপুগান করে থাকে। বীরভূম, বর্ধমান, বাঁকুড়া, মুর্শিদাবাদ, নদীয়া জেলাতে হাপুগানের বিস্তার বেশি। তবে পূর্ব মেদিনীপুরের উপকূলবর্তী এলাকাগুলিতেও একসময় হাপুগান শোনা যেত।

পূর্ব ও পশ্চিম মেদিনীপুরেও হাপুগানের গায়কেরা মুখে 'হাফু-হাফু-হাফু' শব্দ করে পিঠে ছড়ি দিয়ে আঘাত করে গান করে। তবে এই খেলা দেখানোর চল এখন গাঁগঞ্জ ছাড়িয়ে ট্রেনের কামরাতেই বেশি দেখা যায়। এক সময় অবশ্য বগল বাজিয়ে হাপু খেলা দেখানোর রীতি ছিল। অনেকে ৬-৭ জন করে বাড়ি বাড়ি যেত। লোকের বাড়িতে হাপু খেলা দেখাতে গেলে তাদের গায়ে তেলে দেওয়া হতো বালতি জল। এরপর কাঁদা হয়ে যাওয়া মাটিতে একসঙ্গে লুটোপুটি করত। আর মুখে ছড়া কাটতো। এ দৃশ্য এখন আর দেখা যায় না।

আজ থেকে ৯০০ বছর আগে ১১শ শতাব্দীতে 'বালবলভী ভূজঙ্গ ভবদেব ভট্ট'র লেখা 'ভুবনেশ্বর প্রশস্তি' থেকে ধারণা করা যায় বীরভূমের লাভপুর থানার সিদ্ধল গ্রামে একদল বাজিকর সম্প্রদায়ের মানুষের মধ্যে এই ধরনের গানের প্রচলন ছিল। মেদিনীপুরের হাপুশিল্পীরা বলে 'হায়রে হাপু, হায়রে হাপু' কিংবা 'উরুর বেড়া উরুর বেড়া'। বাংলার লোকসংস্কৃতি হিসেবে বাউল, ভাটিয়ালী, তরঙ্গা, শিল্পীরা যেরকম সম্মান পেয়ে থাকেন বা পান সেই হিসেবে হাপুগানের শিল্পীরা অবশ্য তার কিছুই পান না।

ব্যঙ্গ বিদ্রূপাত্মক হাপুগানের মূল উপজীব্য সামাজিক অবিচার, কুসংস্কার ইত্যাদি বিষয়। বাংলার লোক সাহিত্যে এই গান উল্লেখযোগ্য। এই গানে হাস্যরসের প্রাধান্য দেখা যায়। এই সঙ্গীত অধিক বালক দ্বারা গীত হয়। একেই হাপুগীত বলে। এর ভাষা বড় অশ্লীল। গীতগুলি অশ্লীল হলেও এতে রচয়িতাদের যথেষ্ট নৈপুণ্য আছে।

## 'হাপু' গানের নামকরণ

'হাপু' গানের নামকরণ নিয়ে মতবিরোধ আছে। অনেকে বলেন 'হাপু'। অনেকে বলেন 'হাফু', 'হুপু' ইত্যাদি। আবার কেউ কেউ বলেছেন 'হাপু', 'হাঁফু', 'হাঁবু'। 'প' এর স্থানে 'ব' উচ্চারণ করি। হাঁপ > হাপু। যার অর্থ দুর্ভাবনা, দুশ্চিন্তা, বিপত্তি, প্রমাদ।

এই গানের নাম হাপু হল কেন? হাঁফ বা হাঁপ ছেড়ে গান গাইতে হয় আর মুখে শব্দ করতে হয় বলে 'হাঁফু' বা 'হাঁপু' বা 'হাপু' নাম হয়েছে। গায়ক এই গানের সঙ্গে এক বিশেষ মাত্রা ব্যবহার করে। 'হা' আর 'পু' এই দুই মাত্রার ব্যবহার লক্ষ্য করা যায়। এই জন্য এ গানের নাম হাপু গান।

এই গান শব্দে করা হয়। 'হাপু' অর্থে কষ্ট ভোগ করা। 'ভারতচন্দ্র' গ্রন্থাবলীতে হাপু অর্থে প্রমাদ গোনা বোঝানো হয়েছে। সেখানে আছে 'মালিনী কহিছে বাপু, কেন এত ভাবা হাপু। আমি হাটবাজার করিব।'

ড: আশুতোষ ভট্টাচার্য তাঁর 'বাংলার লোকসাহিত্য' গ্রন্থের প্রথম খণ্ডে 'হাপুগান' বলেই উল্লেখ করেছেন। 'হা' অর্থাৎ হাহাকার, দুঃখ, অভাব। হা - ভাতরী অর্থাৎ যার ভাতর বা স্বামী নেই, হাঘরে যার ঘর নেই। পু বা বু শব্দে পূরণ



বোঝায়। হাপু বা হাবু তাই হাহাকার, দুঃখ এবং অভাবের বর্ণনা। দুঃখ ও বেদনার কথা দ্রুত তালে বর্ণনা করাই হল হাপু।

হাপু আর হাবু কথা দুইটির অর্থ নির্ণয় করতে পারিনি। অনেকের মতে দ্রুত পথ হাঁটার বা দৌড়ানোর পর হাঁফিয়ে ওঠার মতো দ্রুতলয়ে গান গাওয়ার সময় হাঁফিয়ে ওঠার শব্দ থেকে 'হাফু' নামের সৃষ্টি। আমার মনে হয় পিঠে বারংবার কাঁটখণ্ডের চপেটাঘাত আর মুখে বিরামহীন ছড়া কাটার ফলে দম ফেলার সময় থাকে না। অপ্রকাশ্য কণ্ঠের বহিঃপ্রকাশ হিসেবে মুখ থেকে স্বাভাবিকভাবে বেরিয়ে আসে স্বস্তি পাওয়ার উদ্দেশ্যে একরাশ গরম বাতাস 'আ-ফু-উ-উ-উ' থেকে 'আফু'।

আফু < হাফু < হাপু

এভাবেই হাপুগানের নাম করণ হতে পারে। পূর্ব ও পশ্চিম মেদিনীপুরের বিভিন্ন এলাকায় এরা অস্থায়ীভাবে বসবাস করেন। হাস্য রসের ছড়াগুলি যারা করেন তাঁরা বেশিরভাগই যাযাবর। এঁদের পেশা হল শূকর পালন। আর সাপ খেলা দেখানো। শিক্ষার আলো এইসব মানুষের কাছে পৌঁছায় নি। তবু বেদে সম্প্রদায়ের এই মানুষরা কিভাবে এত ছড়া বানাতেন এবং গাইতেন তা আশ্চর্যের। এখন যাঁরা ট্রেনের কামরায় হাপু খেলা দেখান তাঁরা স্রেফ পেটের তাগিদেই পেশাটাকে আঁকড়ে আছেন। হাপু খেলা দেখানোর ফাঁকে জাত, ধর্ম বিহীন ৫-১২ বছর বয়সী ছেলেমেয়েরা ট্রেনে ঝাড়ু দিয়ে পয়সা রোজকার করে থাকে।

'হাপু' খেলার সঙ্গে সরাসরি জীবিকার সম্পর্ক রয়েছে। কেউ সখ করে হাপু খেলা দেখায় না। খেলাটি দেখানোর জন্য এরা সুবিধামতো একটি করে লাঠি ব্যবহার করে। ছড়া কেটে বলতে মুখে বিচিত্র শব্দ করা এবং লাঠি নিয়ে পিঠে আঘাত করা একই সঙ্গে ঘটে। মেদিনীপুরের কোন কোন স্থানে এই ধরনের হাপু গানের প্রচলন দেখা যায়। হাপুর সব গানই যে গাওয়া হয় তা নয়। এই গানগুলির অনেকগুলিকে ছড়া মনে হয়।

❶ ছড়া :-

ছড়াগুলি সাধারণত দুই বা চার চরণের। প্রথম চরণের বক্তব্যের সাথে অন্য চরণের বক্তব্যের মিল একেবারে নেই। তারা ছড়া কাটে —

'ঝোরে ব্যাজা ঝো, এ দেশে মে পানি নাই / ক্যা কারণে হো? / ব্যাঙ কি পানি গালি দো / ব্যাঙ ভড়াভড় পানি দো' গানের ভাষা হিন্দি হওয়ায় মনে হয় এটা মুসলমান সম্প্রদায়ের। এই ঘটনার সাথে হাপু শিল্পীদের ব্যাপক মিল রয়েছে। এইরকম একটি ছড়া —

'ঝো রে বেজা ঝো

ক্যা কারণে হো।'

এটি কাঁধি এলাকার 'হাপুর ছড়া' নামে কথিত। আরেকটি ছড়া হোল—

'মাই গো মাই ঝপের ঝাই

গেড়িয়া বাইল, মাঝ বাই?

উঠরে বুড়া উঠ

তিনটিয়া বেগুন কুট

জুঁইর পাতার রস নাই

চুরুক চুরুক মৃত।'



(3)

এখন ট্রেনে যারা হাপু খেলা দেখিয়ে থাকে তাদের ছড়ার ভাষা দেখে মনে হয় এই ছড়াগুলি আজ থেকে অন্তত ১৫-২০ বছর আগে তৈরি। এগুলির মূল বিষয় সিনেমার হিরোইন।

তিরিশ চম্বিশের দশকে হাপুগানের বহুল প্রচলন ছিল কিন্তু বর্তমানে এর প্রচলন কমে এসেছে। অভাবের পরিশ্রুটন এই হাপু গানে। 'আমের পাতা চিকন চাকণ / বেলের পাতা সরু / বেউ থাকতে বিয়ে করে / সেই শালা গরু।' 'দুরের থেকে জামাই এলো / খায় মাছের মাথা / কাছের জামাই এলে / খায় মুড়ো ঝাঁটা।'

অনেক গানে হাস্যরসাত্মক কথার উপস্থিতি।

“জামাই এলো কামাই করে

বসতে দিল পিড়ে

সেই পিড়েতে পেরেক আঁটা

কাপড় গেল ছিঁড়ে।”

এভাবেই অভাবের পরিশ্রুটন, হাস্যরসের বহিঃপ্রকাশ নানাভাবে গানগুলির মধ্যে এসেছে।

সর্বোপরি অপরকে আনন্দ দিতে গিয়ে এরা যে কতটা যন্ত্রনা সহ্য করে তা বোধহয় আমাদের ধারণার বাইরে। কচি বয়সের কচি চামড়ায় মোলায়েম বাঁশের বা কাঠের বাতার আঘাত লেগে শক্ত হয়ে যাওয়া মাংস ফেটে যখন রক্ত বেরিয়ে আসে তখন আমাদের বহু অবিবেচক শ্রোতা ওদের ওই অব্যক্ত যন্ত্রনার বদলে পয়সা দেয়। ওদের এই যন্ত্রনার বোধহয় কোন সমাপ্তি নেই। আসলে কোথাও যেন ওরা আমাদের কাছে হাসির বা মজার বস্তু হয়ে ওঠে। ওদের সুখের দুখের যন্ত্রনার হাসি কান্নার কোনো মূল্য নাই। ওদের ঠাণ্ডা লাগতে নাই, জামা পরতে নেই। জামা পরা থাকলে পিঠের দগদগে ঘা দেখানো যাবে না বাবুদের। তখন পয়সাও মিলবে না।

যন্ত্রনায় দক্ষ এইসব মানুষেরা হাসিমুখে শ্রোতার কাছে খেলা দেখায়, গান শোনায়। আর এইভাবে সকলের মনোরঞ্জন করে।

## সংগৃহিত হাপুগান

- ১) তালতলায় তাল বিছানায়  
বকুলতলায় এল  
ও দিদিটার কালো স্বামী  
বাঁশি বাজায় ভালো।
- ২) শুসনি শাক শুসনি শাক  
কতই সিজাবি  
দিদির ভাতার খলবরাকে  
কতই বুঝাবি  
শুসনি শাক তুলতে গেলি  
পা পিছলে পড়ে গেলি  
দেখলি ভাসুর তুললি নাই  
তোর ভাগের ভাগ খাবো নাই।

- ৩) ঘরে নেই পান  
ছেলে বলে আমির খান।
- ৪) ঘরে নেই নুন  
ছেলে বলে মিঠুন।
- ৫) ঘরে নেই আতপ চাল  
ছেলে বলে তাপস পাল।
- ৬) ঘরে নেই নারকেল ছেবড়া  
ছেলে বলে প্রেম চোপড়া।
- ৭) ঘরে নেই ডাব  
ছেলে বলে অমিতাভ।
- ৮) শুন লো শুন  
বড় বউয়ের গুন  
বড় বউয়ের গুন নাই  
শাকে দেয় নুন।
- ৯) হাতে শিরাপ মুখে পান  
ছেলে বলে শাহরুখ খান।
- ১০) এক যে আছে তুরকা মাগি  
কাপড় পরে দুরিয়া।  
পর পুরুষকে দেখে মাগি  
বাইরে মরে ঘুরিয়া।।
- ১১) ওরে বুড়ো গেল মাছ মারতে  
তুলে আনে কাদা।  
দু সতিনে যুক্তি করে  
কাটে বুড়োর মাথা।



- ১২) পাঁচ দিনের পরে  
কৃষ্ণ এলো ছায়ে।  
সে কৃষ্ণ কদমতলার জানে  
মা মা দেখতে পাই।  
কান ধরে মূলে দেই।।
- ১৩) বুড়ি আর বুড়োতে  
লড়াই লেগেছে  
বুড়ির কপালে বুড়ো  
পেদে দিয়েছে।
- ১৪) ওরে হাঁড়িতে নেই পাকা কলা  
বউ পানাল বিকেল বেলা।  
হাঁড়িতে নেই মুসুরি  
ওই তোর শাশুড়ি।।
- ১৫) তাল গাছে তাল পাতা  
বকুল তলায় আলো।  
ও দিদি তোর কালো ভাতার  
বাঁশী বাজায় ভালো।।
- ১৬) দূরের থেকে জামাই এলো  
খায় মাছের চাকা।  
কাছের জামাই এলে পরে  
খায় মুড়ো ঝাঁটা।।
- ১৭) হাটে গেলাম বাটে গেলাম  
কিনে আনলাম ওল।  
ওল দেখে সেজো বউ  
করে গণ্ডোগোল।।

১৮) ডাল ভাতে সরু সরু মাছ ভাতে কাঁটা রে  
ছোট বউকে শাঁখা সিঁদুর বড় বউকে ঝাঁটায়ে ।।

১৯) হাঁড়ির ভিতর সিরনী  
ঐ তোর গিন্নী ।  
হাঁড়ির ভিতর কাসুন্দী  
ঐ শালা সুমুন্দি ।।

২০) হেই হাপু হেই হাপু  
মোদের বাড়ি যাবি ।  
মেজো বউকে দেখতে পেলে  
বেগুন পোড়া খাবি ।।

২১) মাথায় জল আনতে বাবা  
খেলতে বসেছে  
প্যাঁচামুখে জামাই এসে  
তুলুক বাজিছে ।।

## হাপু শিল্পীদের সম্পর্কে কিছু তথ্য

পাখির কাছে আকাশ মাটি বাতাস ঘেরা ঘরই হোল ঘর। তেমনি যাযাবর সম্প্রদায়ের এইসব মানুষদেরও কোনো স্থায়ী ঘরের ঠিকানা নেই। কিংবা কোথাও স্থায়ীভাবে থাকতে এদের বোধহয় ভালোই লাগে না। এরা এক জায়গায় কিছুদিন বা কয়েক বছর থাকার পর এরা অন্যত্র চলে যায়। এরা মূলতঃ রেল স্টেশনের পাশে, ভাঙা মন্দির বা বাড়ীতে থাকে। হাপু শিল্পী আজ অবহেলিত। তাই তো ঘরে ঘরে এরা খেলা দেখায় না, শুধুমাত্র ট্রেনের মধ্যে খেলা দেখিয়ে এইসব শিল্পীরা কোনোরকম এদের অস্তিত্বকে টিকিয়ে রেখেছে।

ক্ষেত্রসমীক্ষা করে এদের সম্বন্ধে কিছু তথ্য পেয়েছি —

❁ **বাসস্থান :-** বালিচক স্টেশনের কাছে কিছু মানুষ বসবাস করেন। এদের জীবন সমুদ্রের কানায় কানায় যে অন্ধকার পূর্ণ তেমনি এদের শ্রীহৃদ হীন বাড়িতেও নেই আলোর স্পর্শ। ত্রিপলের তাপ্নি মারা কুঁড়ে ঘরে কোনোরকম থাকা, তাতে রোদের তাপ, বর্ষার জল, শীতের কনকনে বাতাস মহানন্দে ঘরময় ছুটে বেড়ায়। কুপি জুলে। ছোট ছোট সেই ঘরে একসঙ্গে অনেকে থাকে। আসলে থাকাকাঁটাই এদের কাছে বড়ো ব্যাপার, থাকাকাঁটী সুখের বা দুঃখের যাই হোক না কেন তাতে এদের কোনো মাথা ব্যাথা নেই।



- পৌশ্যাকপরিচ্ছদ :- পরণের পোশাক নামমাত্র। কিন্তু তা শতছিন্ন, অপরিচ্ছন্ন নোংরা। পুরুষরা লুঙ্গি পরেন। মহিলারা পাতলা শাড়ি পরেন। বাচ্চারা বোতামবিহীন জামা পরে ও চেনবিহীন প্যান্ট পরে। পতন পোশাক কাকে বলে এরা জানে না। কারণ এরা অপরের কাছে চেয়ে চিন্তে পোশাক করে। হাপু গাইয়েরা পোশাক প্রায় পরে না বললেই চলে। পোশাক পরলে তো পয়সা মিলবে না। তাই খেলা দেখানোর জন্য অর্থাৎ পিঠে দাগ দেখানোর জন্য শীতেও জামা খুলে কোমরে বেঁধে নেয় তারা। সোয়েটার, টুপি, মাফলার, চাদর জিনিসগুলো আসলে কি তা তাদের কাছে অজ্ঞাত।
- খাদ্যাভ্যাস - এদের বাড়িতে শুধুমাত্র রাত্রিবেলা বা সন্ধ্যাবেলা রান্না হয়। দিনের বেলা বাড়ির সবাই কাজে বেরিয়ে পড়ে। সন্ধ্যাবেলা রান্না করা ভাতের অর্ধেক খাওয়া হয় রাতে। অর্ধেকটা সকালে কাজে যাওয়ার আগে খেয়ে বেরিয়ে পড়ে। হোটেলের বাসী ভাত ও তরকারী, কারো বাড়ির অনুষ্ঠানে কখনো কখনো খাওয়ার জুটে যায়। মাছ মাংস খাওয়ার কথা ভাবা এদের কাছে বিশ্বয়ের ব্যাপার। মাটির হাঁড়িতে রান্না করা বুনো শাক সিদ্ধ ও ভাতই এদের প্রতিদিনের খাবার। পুষ্টিকর খাদ্যের অভাবে এরা সকলেই অপুষ্টিতে ভোগে।
- নেশা :- নেশা এদের জীবনের একটা বড়ো অংশ জুড়ে রয়েছে। ক্ষেত্রসমীক্ষা করতে গিয়ে দেখেছি বড়রা তো বটেই অনেক ছোট ছোট হাপু শিল্পীরাও খারাপ খারাপ নেশা করে। বড়রা সস্তার চোলাই, গুড়াখু, পান, শৈনি, জর্দার নেশা করে। মহিলারাও শৈনিতে আসক্ত। দাঁত মাজা বা তেল মাখার কোন চল নেই। অনেকে নেশার দ্রব্য হিসেবে ডেনড্রাইট, বিড়ি, নেশার বড়ি খায়।
- দৈনন্দিন আচরণ :- পরিষ্কার পরিচ্ছন্নতার অর্ধ এদের কাছে অজ্ঞাত। এরা দাঁত কোনোদিন মাজে না। এরা চুলে তেলও দেয় না। হাতমুখ না ধুয়েই খেতে শুরু করে। এঁটো সকড়ির বালাই নাই। এরা প্রত্যেকে মুখে অশ্রাব্য ভাষায় গালি দেয়। হাপুশিল্পীরা নিজেদের মধ্যে পয়সা বাজি রেখে জুয়া খেলে। অপরিষ্কার থাকার জন্য এদের চামড়ার রোগের প্রকোপ বেশি দেখা যায়।
- পেশা :- পাঁচ থেকে চোদ্দ বছর বয়সী ছেলেমেয়েরা হাপু খেলা দেখানোর সাথে যুক্ত থাকে। মেয়েরা সাপের ঝাঁপি নিয়ে অনেক সময় পয়সা চায়। অনেকে মনসাদেবীর পটের ছবি রেখেও ভিক্ষা চায়। অনেকে আবার খেলা দেখানো ছেড়ে চুরি চামারিতে লেগে যায়। বাড়ির বড়োরা কিন্তু সাপের খেলা দেখায়। অনেকে জড়িযুটি বেচে। মহিলারা বাচ্চা দেখিয়ে টাকা আয় করে। অনেকে আবার দেহ ব্যবসার সাথে জড়িত থাকে। এতে অবশ্য এদের আয় ভালোই হয়।
- শিক্ষা :- পড়ার সময় এদের কাছে একদম নাই। দারিদ্রতা যাদের জীবনের একমাত্র অলঙ্কার, তাদের কাছে পড়াশোনা তো বিলাসিতা মাত্র। সকালে ঘুম থেকে উঠে খেয়ে পেটের ধান্দায় বেরিয়ে পড়ে। তাই পড়ার সময় যেমন তাদের নেই তেমনি কোনো ইচ্ছেও নেই। তাছাড়া কেউ কখনো তাদের স্কুলে যাওয়ার কথা বলেনি। অশিক্ষা এদের জীবনকে অন্ধকারে ভরিয়ে দিয়েছে। সর্বশিক্ষা অভিযানের ব্যর্থতার দিক এরাই।
- বৈবাহিক সম্পর্ক :- বস্তীর এইসব ছেলেমেয়েরা একসঙ্গে হাপু খেলা দেখাতে দেখাতে কখন যেন নিজেদের অজান্তে বড়ো হয়ে যায়। তারপর একসময় তারা বৈবাহিক সম্পর্কে জড়িয়ে পড়ে। অবশ্য খুব কম বয়সেই এদের বিয়ে হয়ে যায়। ফলে খুব তাড়াতাড়ি মাতৃত্বও অর্জন করে। এদের সন্তান খুবই রুগ্ন প্রকৃতির হয়। একটা দুটো বিয়ে এদের কাছে কোনো ব্যাপার নয়।
- সংস্কার :- বিশেষ কোনো সংস্কার নেই। কেউ কেউ হাতে তাবিজ পরে। মাদুলীও পরানো হয় বাচ্চাদের গলায়। সস্তায় উল্কি দেখেছি অনেক সাপুড়িয়ার গায়ে। মৃত্যু হলে পুতে দেওয়াই রেওয়াজ। তবে অনেকেই হিন্দু সংস্কৃতি অনুসরণ করে মড়া পুড়িয়ে দেয়। অর্ধের অভাবে শ্রদ্ধা শাস্তি আড়ম্বরপূর্ণভাবে করা হয় না।



• জাতিগত পরিচয় :- স্থায়ী ঠিকানা হীন এইসব যাযাবর মানুষগুলোকে বেদেও বলা যায়। যেহেতু সাপ ধরা এদের পেশা, তাই পদবী সাপুড়িয়া। তবে 'দাস' পদবীও আছে। শবর সম্প্রদায়ের এইসব মানুষের কোনো পরিচয়পত্র নেই। বিবাহের পরে পদবীর কোনো পরিবর্তন নেই। এদের জীবন চর্চার সাথে করগা বা করঙ্গাদের মিল রয়েছে। হাড়ি সম্প্রদায়ের বৈশিষ্ট্যও লক্ষিত হয়।

• জনসংখ্যা :- ১৯৯১ এর আদমসুমারী অনুযায়ী মেদিনীপুর জেলায় বেদেরদের সংখ্যা ৮০০০ জন।

## শেষের কথা

ওরা নিরাশার অন্ধকারে বিপর্যস্ত, জীবনের নিঃসীম বেদনাদায়ক অভাবগ্রাস্ততায় খুঁকতে থাকা অশিক্ষার অন্ধকারে বিপর্যস্ত শবর সম্প্রদায়ের মানুষ। ট্রেনের কামরায় পেটের ভাত জোটাতে পিঠের চাবুক জীবন খোঁজে। এই খোঁজায় ঝরে পড়ে রক্ত। সেই রক্ত ঝরানোর কারসাজি দেখে মুগ্ধ জনতা হাততালি দিয়ে তাদের উপাদেয় সামগ্রীর জোগান দেয়। এরপর কখনো ছুটে যায় বাড়ী বাড়ী, এরা মূলতঃ সাপুড়িয়া শ্রেণীর অন্তর্ভুক্ত। এদের ভবিষ্যত কেবলই অশিক্ষার অন্ধকারে নিমজ্জিত নয়, অনুরূপভাবে আনন্দ উপভোগের জন্য এদের উপাদেয় মাদক দ্রব্যের আঘাতে আচ্ছন্ন। জীবনের স্বাভাবিক শ্রোত থেকে এরা বিচ্যুত। কখনো বা লোভের কশবর্তী হয়ে এরা হয়ে ওঠে সমাজবিরোধী, বদমাসের দল। এদের অহসরতার কথা ভাববার সময় নেই সরকারের, তাই এরা মাথা থাকলেও ছাদ পায় না। বিবেক থাকলেও শিক্ষা পায় না, পেট থাকলেও ভাত পায় না। এদের সনাতন সংস্কৃতি এক অদ্ভুত ধরণের মুখের শব্দ আর হাপু গান। এভাবেই এরা বেঁচে থাকে, আনন্দ করে, সন্তানের ভবিষ্যৎ নেই জেনেও সন্তানের জন্ম দেয়। যদি এদের মাথায় ছাদ কিংবা পেটের ভাত কিংবা অন্ততঃ শিক্ষার ছিটেকোঁটা পাওয়া যেত তাহলে অন্ততঃ যাযাবরের মতো না ঘুরে বেড়িয়ে একটা সুস্থির জীবন পেলে ভালো হোত।

এদের জীবনে নেই কোন আশা। নিরাশা বা উচ্চাশার বাতাবরণও নেই। এদের নেই চাল, নেই চুলো। এদের সারা জীবন ধুলো জমা নোংরাতে ভরা। এদের সাধ নেই। সাধ্যও নেই। খুঁটি নেই। কোমরে জোর নেই। মনের তেজ নেই। শুকনো লঙ্কার মতো ঝাঁঝও নেই। মিইয়ে যাওয়া মুড়ির মত এদের চলমান জীবন। ম্যাডমেডে, সঁাতসেসেতে এদের আঙ্গিক হায়রে ! কেউ উঁকি দেয়না এইসব অজানা অচেনা হাপুশিল্পীদের জীবনে। হয়তো এরপর আর কোনো দিন আমার ইচ্ছে করবে না এদের কথা ভাবতে। এদেরতো এরকমই ভবিষ্যৎ নিয়ে বেঁচে থাকা . . . . . !!

## তথ্যসূত্র

- ১। বাংলার লোকসাহিত্য (প্রথম খণ্ড) - ড. আশুতোষ ভট্টাচার্য্য
- ২। হাপুগানের কথা ও গাইয়েরা - ভাস্করব্রত পতি, গণশক্তি (৪ঠা মার্চ, ২০০৬)
- ৩। হাপুর ছড়া - শ্যামল বেরা, প্রতিপক্ষ (অক্টোবর ২০০২)
- ৪। বাংলার হাপুগান - সমীর কুমার অধিকারী
- ৫। রাড়ের জনজাতি ও লোকসংস্কৃতি - মিহির চৌধুরী কামিল্যা
- ৬। পুণ্ডিপুকুর পত্রিকা - সম্পাদক, ভাস্করব্রত পতি
- ৭। সাক্ষাৎকার — বিভিন্ন হাপুশিল্পী

## ভাস্করব্রত পতি

গ্রাম- সাহড়দা, পোঃ- দুমদান, থানা- পাঁশকুড়া, জেলা- পূর্ব মেদিনীপুর (৭২১১৫২)  
ফোন- ৯৪৭৪৬২২৮০৫, E-mail : bratapati@gmail.com